## সম্পাদকীয় / Editorial

শীতরাত্রির কুয়াশা যখন আকাশমণ্ডলীর নৈম্বর্গিক দীপগুলিকে কুদ্ধাটিকার মোড়কে আবৃত করে স্রিয়মান করে রাখে, মধ্যরাত্রে গীর্জাদিতে সুমধুর ঘন্টাধ্বনি যখন ইংরাজী নববর্ষকে স্বাগত জানায়, আমাদের মন তখন আশা আকাঙ্ক্ষা ও পরিশুদ্ধভাবে পরিপূর্ব হয়। নতুন বছরের অনাগত দিনগুলি আমরা নতুন উদ্দীপনা, সজাবনা ও সংকর্মাদির মধ্যে অতিবাহিত করার নতুন শপথ গ্রহণ করি। শ্রীশ্রীমায়ের আশীর্বাদ সম্বল করে আমরা প্রস্তুত হই অখণ্ড মহাপীঠে শ্রীশ্রীগুরুমহারাজদের আসন প্রতিষ্ঠাবার্যিকী উদ্যাপন করবার সংকর্মে।

যুগে যুগে মহাবতারগণ এই ভূমগুলে আবির্ভূত হয়েছেন মায়িক প্রকৃতিবদ্ধ, স্বার্থনিমজ্জিত মানবকুলকে উদ্ধার করে, মুক্তির মার্গদর্শনে অতিমানবসত্তার অভিমুখী করে তোলার জন্য। নিত্যলোকস্থিত আসন থেকে এই মর্ত্যভূমির পঞ্চিলতাতে তাঁরা সতঙ্গ অবতরণ করেন ঈশ্বরসৃষ্ট মনুয্যজীবসকলকে উদ্ধারের নিমিত্ত। তাঁদের এই করুণাবতার সত্তার প্রতি আমরা প্রণত হই - ধূপ, দীপ, পষ্প ও মন্ত্রগানে তাঁদের বিনম্র প্রনাম জানাই।

আজ গুরুমহারাজগণের অভিষেক লগ্নের পুণ্যতিথিতে আমরা শ্রদ্ধাবনতঃ চিন্তে স্মরণ করি মহাপ্রজাপতি ব্রন্ধার অযোনি-সম্ভবা বৈষ্ণবোত্তম পুত্রদিগের মধ্যে অন্যতম দেবর্ষি শ্রীশ্রীনারদশ্বযিকে যিনি যুগে যুগে দেব বা দেবীলীলার সূত্রধর ও অবতারণার সূচক। তিনি ঋষেদের মন্ত্রদ্রষ্টা ঋষি, তিনি পুরাণপুরুষ, আবার শ্রীমন্ত্রাগবত মতে শ্রীশ্রীবিষ্ণুর তৃতীয় অবতার। তিনি তাঁর একতারার হরিনামে মানবসত্তাকে শোধন করে বিষ্ণুময় করে তোলেন - সেই বংশীধারীর শিয়রে এনে দেন। তিনি যোগযুক্ত অবস্থায় নারায়ণ-স্বরূপ, আবার শ্রীশ্রীমায়ের অস্তঃস্থিত চেতনায় তিনি উদ্ভাসিত শ্রীশ্রীশ্যামাচরণ লাহিড়ী মহাশয় রাপে। আজ মকর-সংক্রান্তির পুণ্যতিথিতে, গুরুবন্দনার পুণ্যলগ্নে, হিরণ্যগর্ভের এই বিশেষ সংখ্যাটি শ্রীশ্রীলাহিড়ী মহাশয় ও অন্যান্য গুরুমহারাজগণের চরণকমলে বিনম্র নিবেদন করে আমরা ধন্য হলাম।

> ''বিশ্বপিতা পরম পুরুষ হে, দেখা দাও এ শুভ ক্ষণে জ্ঞানের আলোকে আলোকময় হোক, ফুটুক হাসি ভুবনে।'

As the milky fog of the chilly winter night envelops the night stars to dim out their sparkle, as the bells of churches toll at midnight to usher in the New Year, our minds are filled with pious resolve, with renewed hopes and inspirations for the forthcoming year. We take vows afresh to devote ourselves to pious thoughts and deeds and to dedicate ourselves to spiritual and humanitarian pursuits. With the holy guidance and blessings of Sree Sree Maa, we also prepare ourselves every year to observe the anniversary of the enthronement of Guru Maharajas at our Ashram amidst piety and devotion.

Great spiritual leaders have descended on this mortal earth from age to age to unshackle the bondage of mortal life, to deliver the earthly-bound selfish souls from the depths of material darkness to the sublime glory of spiritual emancipation. We bow with humble obeisance to their overbearing compassion and invoke their blessings with our humble offerings of hymns, incense and flowers.

On this holy occasion, we recall with reverence the holiness of Devarshi Shri Shri Narad who is the youngest amongst the ten divine Manasaputras of Mahaprajapati Brahma, born out of the mahanada that emanated from within Him. From age to age, He played the role of the initiator and integrator of divine incarnations of Gods and Goddesses. He is the guardian of the divine hymns of Rigveda, He is the Puranapurusha and the third incarnation of Lord Vishnu, according to teachings of Shrimadbhagabat. Through His immense compassion, He draws mankind towards the haloed path of spirituality, He is Lord Vishnu-incarnate ("Vishnu swarupya") and always manifests Himself in the sublime perception of +Sree Sree Maa as Shri Shri Shyamacharan Lahiri Mahashay.

On the pious occasion of Makara Sankranti, the day of the holy enthronement of our Guru Maharajas, we humbly dedicate this special issue of Hiranyagarbha to their holy feet to beseech their blessings.

"Vishwapita Parampurusha hey, dekha dao e subhokshoney Jnaner alokey alokmoy hoyuk, phutuk hasi bhuboney"

Hiranyagarbha a Volume 6 No. 4 a 15th January, 2014 4

হিরণ্যগর্ড/ हिरण्यगर्भ